# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭২০

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মাদীনায় ঈমান একত্রিত হওয়া প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ اجْتِمَاعِ الْإِيمَانِ بِمَدِينَةِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

3720 ـ أَخْبَرَنَا أَبُو عَرُوبَةَ بِحَرَّانَ حَدَّثَنَا صَالِحُ بْنُ زِيَادٍ السُّوسِيُّ حَدَّثَنَا ابْنُ نُمَيْرٍ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنْ خُبَيْبِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ حَفْصِ بْنِ عَاصِمٍ عَنْ أَبِي هُرَيْرَةَ:
عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ: (إِنَّ الْإِيمَانَ لَيَأْرِزُ إِلَى الْمَدِينَةَ كَمَا تأرز الحية إلى جحرها)
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3720 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (3073): ق.
قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صلى الله عليه وسلم: (الْإِيمَانُ لَيَأْرِزُ إِلَى الْمَدِينَةِ) يُرِيدُ بِهِ أَهْلَ الْإِيمَانِ وَذَلِكَ أَنَّ الْمَدِينَةَ خَشِنَةٌ قَفْرَةٌ ذَاتُ بَسَابِس وَدَكَادِكَ مَنَعَ اللَّهُ جَلَّ وَعَلَا عَنْهَا طَيِّبَاتِ اللَّذَّاتِ فِي الْأَعْيُنِ وَالْأَنْفُسِ وَقَدَّرَ فِيهَا أَقْوَاتَهَا لِمَنْ طَلَبَ اللَّهَ وَالدَّارَ الْآخِرَةَ فَلَا يُرْكَنُ إِلَيْهَا إِلَّا كُلُّ مشمِّر عَنْ هَذِهِ الْفَانِيَةِ الزَّائِلَةِ وَلَا قَطَنَهَا إِلَّا كُلُّ مُنْقَلِعٍ بِكُلِّيَّتِهِ إِلَى الْآخِرَةِ الدَّائِمَةِ.

বাংলা

৩৭২০. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “নিশ্চয়ই ঈমান মাদীনায় ফিরে আসবে, যেভাবে সাপ তার গর্তে ফিরে আসে।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য “ঈমান মাদীনায়

ফিরে আসবে” এর দ্বারা উদ্দেশ্য ঈমানদার ব্যক্তি। কেননা মাদীনা হলো শক্ত, শুস্ক অসমতল বিস্তীর্ণ এলাকা, আল্লাহ তা‘আলা এমন সব জিনিস রাখেননি, যা মানুষের চোখে ও মনে প্রীতিকর। এখানে মহান আল্লাহ ঐ ব্যক্তির রিযিকের ব্যবস্থা রেখেছেন, যে ব্যক্তি আল্লাহ ও পরকাল অন্বেষণ করেন। কাজেই এখানে কেবল ঐ ব্যক্তি ঝুঁকবে, যে ব্যক্তি নশ্বর দুনিয়া থেকে নিজেকে গুটিয়ে নেয়, এখানে কেবল সেই ব্যক্তিই বসবাস করবে, যে সম্পূর্ণরুপে চিরস্থায়ী পরকালের দিকে ধাবিত হয়।”

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১৪৭; েইবনু মাজাহ: ৩১১১; মুসনাদ আহমাদ: ২/৪২২; সহীহুল বুখারী: ১৮৭৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ৩০৭৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=93057

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন